



সম্পাদক
শাহাদত চৌধুরী
নির্বাহী সম্পাদক
মোহসিন আলম আদনান
প্রধান প্রতিবেদক
গোলাম মোর্তোজা
প্রতিবেদক
জয়ন্ত আচার্য
সাইফুল হাসান, বদরুদ্দোজা বারু
সহযোগী প্রতিবেদক
বদরুল আলম নাবিল
আসাদুর রহমান, রুহুল তাপস
প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন
আলোকচিত্রী
আনোয়ার মজুমদার
নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী
ফাহিম হুসাইন, হাসান মূর্তাজা
নোমান মোহাম্মদ, জব্বার হোসেন
চট্টগ্রাম প্রতিনিধি
সুমি খান
যশোর প্রতিনিধি
মামুন রহমান
সিলেট প্রতিনিধি
নিজামুল হক বিপুল
কানাড়া প্রতিনিধি
জসিম মল্লিক
হলিউড প্রতিনিধি
মুনাওয়ার হুসাইন পিয়াল
নিউইয়র্ক প্রতিনিধি
আকবর হায়দার কিরণ
ওয়াশিংটন প্রতিনিধি
নাসিম আহমেদ
যুক্তরাজ্য প্রতিনিধি
শাহরিয়ার ইকবাল রাজ
কম্পিউটার গ্রাফিক্স প্রধান
নুরুল কবীর
শিল্প নির্দেশক
কনক আদিত্য
প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপূর্ব

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ
৯৬-৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
ই-মেইল : s2000@dbn-bd.net

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর
পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত
ও ট্রান্সক্রফট লিঃ, ২২৯ তেজগাঁও
শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

ভাগ্যান্বেষণে ছুটছে এ দেশের যুবকরা। পাড়ি জমাচ্ছে বিদেশে। জীবনযুদ্ধে প্রতিনিয়ত সংগ্রাম। এ সংগ্রামের এক বিজয়ী সেনা কাজী ইসলাম। ১৯৭০ সালে সিলেটে তার জন্ম। এইচএসসি পাস করে উচ্চ শিক্ষার জন্য ছুটে যান আমেরিকায়। সেখানে স্টেট ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল ও কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে পড়ালেখা করেন।

ব্যাচেলর ডিগ্রি পর্যায়ে তিনি কাজ করেন বিখ্যাত ফোর্ড কোম্পানিতে। পরে ফোর্ড কোম্পানিতেই হয় তার চাকরি। ফোর্ড কোম্পানিতে চাকরি পেয়ে তিনি নিজেকে উজাড় করে দিয়েছেন। কাজী ইসলামের দায়িত্ব ছিল ফোর্ড কোম্পানির জন্য ডি-৮ ইঞ্জিনটিকে সমৃদ্ধ করা। সেই ইঞ্জিনটি ২০০০ সালের ১০টি সেরা ইঞ্জিনের একটি পুরস্কার পায়। এ বছরই নর্থ আমেরিকার সেরা গাড়ি হিসেবে ফোর্ড অর্জন করে মোটর ট্রেড অ্যাওয়ার্ড ২০০০। লিড সিস্টেম ইঞ্জিনিয়ার হিসেবে ফোর্ডের হয়ে তিনি এ পুরস্কার গ্রহণ করেন। তার নেতৃত্বে ২০০২ সালে ডি-৮ ইঞ্জিনটি আরো সংস্কার সাধন করা হয়। এ গৌরব শুধু তার নিজেরই নয়, এ দেশের সন্তান হিসেবে আমাদেরও।

বিদেশে আমাদের তরুণরা গিয়ে কি ভাবে অর্থ অর্জন করেন, তার চিত্র সাপ্তাহিক ২০০০-এর প্রবাস জীবনে ফুটে ওঠে। সেখানে প্রায়ই থাকে ব্যর্থতা, বেদনার কথা। এ ক্ষেত্রে কাজী ইসলাম আমাদের অনুপ্রেরণার এক অনন্য দৃষ্টান্ত। কিভাবে বিদেশেও সামনে এগিয়ে যেতে হয় তার অর্জন প্রবাসে, দেশে আমাদের তরুণদের অনুপ্রেরণা যোগাবে।

দেশের রাজনীতিতে আলোচনায় বিভিন্ন সময় কেন্দ্রে চলে আসে আমলারা। বিভিন্ন সরকারের সময় আমলারা কৌশলগত অবস্থা নিয়ে স্বার্থ উদ্ধার করে। আবার সুযোগ বুঝে ভোল পালায়। বিগত আওয়ামী সরকারের মতো জোট সরকারের আমলারা বোঝাতে চেয়েছেন, জনগণ নয়- তারাই জোটকে ক্ষমতায় নিয়ে এসেছেন। এ কারণে প্রভাবশালী হয়ে উঠেছেন কয়েকজন আমলা। এখন তাদের বিরুদ্ধে সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করার অভিযোগ উঠেছে।

এ দেশের আমলারা বর্ণচোরার মতো সুবিধাভোগী আচরণ অতীতের মতো আজও করছেন। রাজনৈতিক নেতাদের ব্যর্থতার সুযোগে তারাই হয়ে উঠেছেন দেশের নিয়ামক। তাদের কারণে রাজনীতি হয়ে উঠছে আরো জটিল। এ কারণে আমলা থেকে গণতান্ত্রিক সরকারকে সাবধান থাকতে হবে।

